

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
রিজিওনাল প্লানিং
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.২২

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৫

২৩ মে ২০১৮

বিষয়: ১২ আর্মড পুলিশ ব্যাটালিয়ন এর পুলিশ লাইন্স স্থাপনের জন্য ঢাকা জেলার কেরানীগঞ্জ থানার বাঁঘের মৌজার ১০.০০ একর জমি পুলিশ বিভাগের অনুকূলে অধিগ্রহণের জন্য অনাপত্তি/ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: তাঁর দপ্তরের স্মারক নং-এস্টেট//৪৪.০১.০০০০.০৪৩.৮৫-২০১৭/১৯৯৯(২), তারিখ: ২৯/০৩/২০১৮ উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ১২ আর্মড পুলিশ ব্যাটালিয়ন এর পুলিশ লাইন্স স্থাপনের জন্য ঢাকা জেলার কেরানীগঞ্জ থানার বাঁঘের মৌজার ১০.০০ একর জমি পুলিশ বিভাগের অনুকূলে অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্রের জন্য অনুরোধ করা হয়। প্রস্তাবিত এলাকার দাগ নিম্নরূপঃ

মৌজার নাম	আর এস দাগ নম্বর	মোট জমির পরিমাণ
বাঁঘের, জে এল ৮৭, সিট নং-১	৩৯৯ থেকে ৪০২, ৪০১(আংশিক), ৪০৩(আংশিক), ৪০৪ থেকে ৪১০, ৪৬৩ থেকে ৪৬৬, ৭৫৭ থেকে ৭৬২, ৭২৬(আংশিক)	১০.০০ একর

অনাপত্তিপত্র প্রক্রিয়াকরণের জন্য প্রত্যাশী সংস্থা কর্তৃক RAJUK এর অনাপত্তি পত্র (স্মারক নং-এ পি বি(১২)/প্রশাঃ-২০১৮/১২৬, তারিখ-১০/০১/২০১৮ খ্রি.), সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন এবং উক্ত জমিতে কোন মামলা নাই মর্মে প্রত্যয়ন পত্র সরবরাহ করা হয়েছে। অত্র দপ্তরে প্রেরণকৃত তথ্য ও উপাত্ত যাচাই করে দেখা যায় রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের Detailed Area Plan (DAP) এর তথ্য ও উপাত্ত অনুযায়ী বাঁঘের (জে এল ৮৭, সিট নং ০১) মৌজার প্রস্তাবিত দাগ নম্বর এর ব্যবহার Flood Flow Zone হিসেবে চিহ্নিত রয়েছে। Detailed Area Plan (DAP) এ Flood Flow Zone কে সংরক্ষণ করার নির্দেশনা রয়েছে।

এলাকাটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকৃত এলাকায় আর এস দাগ নম্বর ৪৬৩ তে একটি এক তলা পাকা বাড়ী এবং আর এস দাগ নম্বর ৪০৯ এ একটি ভিটি রয়েছে। প্রস্তাবিত জমির মধ্যস্থান বরাবর পূর্ব-পশ্চিমে একটি বৈদ্যুতিক লাইন বিদ্যমান রয়েছে। এছাড়া বাকি এলাকায় কোনো ধরনের স্থাপনা নাই।

এমতাবস্থায় প্রস্তাবিত এলাকাটি জনস্বার্থে ব্যবহার হবে বিধায় বাঁঘের (জে এল ৮৭, সিট নং ০১) মৌজার জমি নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অধিগ্রহণে নগর উন্নয়ন অধিদপ্তরের কোন আপত্তি নাইঃ

১. প্রস্তাবিত এলাকাটি Flood Flow zone এ অবস্থিত হওয়ায় পানির প্রবাহ নিরবিচ্ছিন্ন রাখতে হবে ও পর্যাপ্ত Water Retention Pond রাখতে হবে; এবং Average Annual Flood এর থেকে কমপক্ষে এক (১) মিটার উপরে Land Elevate করণপূর্বক স্থাপনা নির্মাণ করতে হবে।

২. প্রস্তাবিত এলাকাটির গেজেট সংশোধন করে Flood Flow Zone এর শ্রেণী পরিবর্তন করে Administrative Zone করতে হবে।

৩. ঢাকা- মাওয়া হাইওয়ে এবং প্রস্তাবিত এলাকার সংযোগ সড়কে অবস্থিত বরো-পিটটি (Borrow Pit) সংরক্ষণ করতে হবে।

৪. সংশ্লিষ্ট সংস্থার সাথে আলোচনা সাপেক্ষে বৈদ্যুতিক লাইন সরাতে হবে।


সংযুক্তিঃ

১. Detailed Area Plan (DAP) ম্যাপে প্রস্তাবিত জমি চিহ্নিত ম্যাপ।

২. ফিল্ড সার্ভে ম্যাপ।

৩. Contour ম্যাপ।

৪. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (RAJUK) এর অনাপত্তি পত্র।
৫. গুগলের উপর এলাকা চিহ্নিত ম্যাপ।



২৩-৫-২০১৮

কাজী মোঃ ফজলুল হক
সিনিয়র প্ল্যানার

ড. শোয়েব রিয়াজ আলম, অতিরিক্ত ডি আই জি (এস্টেট)
পুলিশ হেডকোয়ার্টার্স ৬ ফিনিশ রোড, ফুলবাড়িয়া, ঢাকা।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.২২/১(২)

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৫
২৩ মে ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি দপ্তরের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ সহ)



২৩-৫-২০১৮

ইসরাত জাহান
প্ল্যানার